

# উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়

রোগ ও পোকার সতর্কীকরণ প্রকল্প

Disease and Pestilence Warning System

পুড়িবাড়ি, কোচবিহার

## আলুর নাবি ধূসা ও অন্যান্য রোগ প্রতিরোধে আমাদের পরামর্শ

বর্তমানে উত্তরবঙ্গে ঠাণ্ডা, মেঘলা ও কুয়াশাচ্ছন্ন আবহাওয়া পরিলক্ষিত হচ্ছে। এতে আলুর নাবি ধূসার প্রকোপ বৃদ্ধির প্রবল সম্ভাবনা দেখা দিয়েছে। এই রকম পরিস্থিতিতে আলু চাষীদের নিয়মিত জমি নিরীক্ষণের জন্য অনুরোধ করা হচ্ছে এবং পরিস্থিতি বুঝে পরামর্শ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে বলা হচ্ছে।

### ক) নাবি ধূসা প্রকোপ থাকলে নিম্নলিখিত রাসায়নিক পদ্ধতি অবলম্বন করুন:

- আবহাওয়া রোগের অনুকূলে থাকলে কপার অক্সিঙ্ক্লোরাইড (৪ গ্রাম প্রতি লিটার জলে) অথবা কপার হাইড্রক্সাইড (২ গ্রাম প্রতি লিটার জলে) স্প্রে করুন এবং এর ১০-১২ দিন পরে ডাইথেন-এম-৪৫ (২.৫ গ্রাম প্রতি লিটার জলে) স্প্রে করুন। এই পদ্ধতি ৪-৫ বার অনুসরণ করুন।
- জমিতে রোগ দেখা দিলে প্রথমে সাইমক্স্যানিল (৮%) + ম্যানকোজেব (৬৪%) এর মিশ্রণ ২.০ গ্রাম প্রতি লিটার জলে গুলে ভালভাবে স্প্রে করুন; এর ৭-১০ দিন পর ম্যানকোজেব ২.৫ গ্রাম প্রতি লিটার জলে গুলে ভালভাবে স্প্রে করুন।
- রোগের প্রকোপ বেশি হলে ডাইমেথোমর্ফ ১ গ্রাম প্রতি লিটার জলে গুলে স্প্রে করুন; এর ৭-১০ দিন পর ম্যানকোজেব ২.৫ গ্রাম প্রতি লিটার জলে গুলে ভালভাবে স্প্রে করুন এবং আরও ৭-১০ দিন পর সাইমক্স্যানিল (৮%) + ম্যানকোজেব (৬৪%) এর মিশ্রণ ২.০-২.৫ গ্রাম প্রতি লিটার জলে গুলে ভালভাবে স্প্রে করুন।
- নাবি ধূসা রোগের প্রতিরোধের জন্য পাওয়ার স্পেয়ার ব্যবহার করুন।
- অবস্থা বুঝে চাপান সার দেওয়া বন্ধ রাখুন ; উচু করে কেল বাঁধুন এবং সেচের প্রয়োজন হলে হালকা করে দিন।

খ) ব্যাকটেরিয়া জনিত বিমুনি রোগ দেখা দিলে রোগাক্রান্ত গাছ উপরে নষ্ট করে ফেলুন এবং বিদ্যা প্রতি ২ কেজি রিচিং পাউডার সেচের জলের সাথে মিশিয়ে প্রয়োগ করুন।

গ) ভাইরাস জনিত কুটে রোগ অথবা পাতা কোঁকড়ানো দেখতে পেলেই আক্রান্ত গাছ তুলে নষ্ট করে ফেলুন।

ঘ) যে সমস্ত জমিতে গাছের বয়স ৭০-৮০দিন বা তার বেশি এবং কাস্টের বেশিরভাগ অংশই রোগাক্রান্ত সেখানে গাছের উপরের অংশ কেটে কপার অক্সিঙ্ক্লোরাইড ৪ গ্রাম প্রতি লিটার জলে গুলে স্প্রে করুন।

প্রয়োজনে কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীন **রোগ ও পোকার সতর্কীকরণ প্রকল্প** (Disease and Pestilence Warning System) এর সাথে যুক্ত বিজ্ঞানীদের সঙ্গে যোগাযোগ করুন অথবা প্রতি জেলার কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিজ্ঞানীদের সঙ্গে যোগাযোগ করুন।

### যোগাযোগ:

ড: তপন কুমার হাত—মো: ৯৪৩৪৬৮৫৬৭০

ড: অয়ন রায় ----- মো: ৯৪৩৪৪৮৩৫৯৩

ড: নৃপেন্দ্র লক্ষ্মণ----- মো: ৯৪৩৪৪৮৩৮৫৫

ড: সুরজিং খালকো--- মো: ৮৯০০৫১৬২২৯

ড: সত্যজিত হেমব্রম-- মো: ৯৮৭৪৮৬৮১৯১

গবেষণা অধিকর্তা  
উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়,  
পুড়িবাড়ি, কোচবিহার